

🗏 वाल-মুমিনুন | Al-Mu'minun | المُؤْمِنُون

আয়াতঃ ২৩ : ৭৯

💵 আরবি মূল আয়াত:

وَ هُوَ الَّذِى ذَرَاكُم فِي الأرضِ وَ إِلَيهِ تُحشِّرُونَ ﴿٧٩﴾

🗚 অনুবাদসমূহ:

আর তিনিই পৃথিবীতে তোমাদেরকে সৃষ্টি করেছেন এবং তোমাদেরকে তাঁরই কাছে একত্র করা হবে। — আল-বায়ান তিনিই তোমাদেরকে পৃথিবীতে ছড়িয়ে দিয়েছেন আর তাঁর কাছেই তোমাদেরকে একত্রিত করা হবে। — তাইসিরুল তিনিই তোমাদেরকে পৃথিবীতে বিস্তৃত করেছেন এবং তোমাদেরকে তাঁরই নিকট একত্রিত করা হবে। — মুজিবুর রহমান

And it is He who has multiplied you throughout the earth, and to Him you will be gathered. — Sahih International

৭৯. আর তিনিই তোমাদেরকে যমীনে বিস্তৃত করেছেন(১) এবং তোমাদেরকে তারই কাছে একত্র করা হবে।

(১) نوبًر সৃষ্টি করা [জালালাইন; মুয়াসসার] তাছাড়া এখানে বিস্তৃত ও ছড়িয়ে ছিটিয়ে দেয়ার অর্থও হয়। [সা'দী]

তাফসীরে জাকারিয়া

- (৭৯) তিনিই তোমাদেরকে পৃথিবীতে বিস্তৃত করেছেন এবং তোমাদেরকে তাঁরই নিকট একত্রিত করা হবে। [1]
 - [1] এখানে মহান আল্লাহ নিজ মহাশক্তির কথা বর্ণনা করেছেন যে, তোমাদেরকে সৃষ্টি করে পৃথিবীর বিভিন্ন প্রান্তে ছড়িয়ে দিয়েছেন। তোমাদের রূপ-রঙও এক অপর হতে ভিন্নতর। ভাষাও ভিন্ন, আচার-আচরণও ভিন্ন। পুনরায় এক সময় এমন আসবে, যখন তোমাদের সকলকে জীবিত করে নিজের কাছে একত্রিত করবেন।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2752

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন